# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৯৯

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয় ও লেনদেনে সহনশীলতা

## আরবী

وَعَن عبيد بن رفاعة عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «التُّجَّارُ يُحْشَرُونَ يَوْمَ الْقِيَامَةِ فُجَّارًا إِلَّا مَنِ اتَّقَى وَبَرَّ وَصَدَقَ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْن مَاجَه

## বাংলা

২৭৯৯-[১০] ’উবায়দ ইবনু রিফা’আহ্ তাঁর পিতার মাধ্যমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ কিয়ামতের দিন হাশরের ময়দানে ব্যবসায়ীগণ বদকাররূপে উপস্থিত হবেন। অবশ্য যারা মুত্তাক্বী, পরহেযগার, নেককার ও সত্যবাদী হবেন তারা এরূপ হবেন না। (তিরমিযী, ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১২১০, ইবনু মাজাহ ২১৪৬, সহীহাহ্ ১৪৫৮, দারিমী ২৫৮০।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِلَّا مَنِ اتَّقٰى) ‘‘তবে যে ব্যক্তি তাকওয়া অবলম্বন করল’’ অর্থাৎ যে ব্যক্তি আল্লাহর ভয়ে কবীরা ও সগীরাহ্ গুনাহ থেকে নিজেকে বাঁচিয়ে রাখল, কোনো ধোঁকাবাজী করল না এবং খিয়ানাত করল না, লোকেদের সাথে সদাচারণ করল এবং ‘ইবাদাতের ক্ষেত্রে আল্লাহর আনুগত্য করল এমন ব্যবসায়ীগণ পাপীদের দলভুক্ত হবে না।

(وَبَرَّ وَصَدَقَ) ‘‘শপথ পূর্ণ করল এবং সত্য কথা বলল’’। কাযী ‘ইয়ায বলেনঃ যেহেতু ব্যবসায়ীদের লেনদেনের মধ্যে প্রকৃত বিষয় গোপন করে ধোঁকা দেয়ার প্রবণতা বেশী এবং পণ্য কাটতির জন্য মিথ্যা শপথের মতো জঘন্য কাজে লিপ্ত হওয়ার ঘটনা অহরহ ঘটে থাকে, তাই তাদেরকে পাপী বলে আখ্যায়িত করা হয়েছে। তবে যারা হারাম কার্য পরিহার করে, শপথ করলে সত্য শপথ করে এবং শপথ পূর্ণ করে, আর সাধারণভাবে সত্য কথা বলে তাদেরকে পাপীদের দল থেকে পৃথক করেছেন।
(তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১২১০; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68126

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন